

বিজ্ঞপ্তি

এতদ্বারা নারায়ণগঞ্জ জেলাধীন সকল আমদানীকারক, পাইকারী খাদ্যশস্য ব্যবসায়ী, ময়দাকল, চালকল ও খুচরা খাদ্যশস্য ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, মিল চালানো ও ব্যবসা পরিচালনার জন্য মিল লাইসেন্স ও খাদ্যশস্য (ফুড গ্রেইন) লাইসেন্স করা অত্যাবশ্যিক। সরকারি বিধি ও আইন অনুযায়ী কোন মিল মালিক ও ব্যবসায়ী লাইসেন্স ব্যতীত ব্যবসা করলে তার মিল ও ব্যবসা বাতিলকরণসহ তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সংশ্লিষ্ট আইনে বিধান রয়েছে।

এমতাবস্থায়, সকল মিল মালিক ও ব্যবসায়ীগণের সহযোগিতা কামনা করা হচ্ছে। যারা এখনও লাইসেন্স করেননি তাদেরকে লাইসেন্স করার এবং যারা লাইসেন্স করেছেন তাদেরকে লাইসেন্স নবায়ন করার নিমিত্ত আগামী ৩০.০৬.২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে অত্র দপ্তর হতে লাইসেন্স গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, সরকারি বিধি ও আইন অনুযায়ী কোন মিল মালিক ও ব্যবসায়ী লাইসেন্স ব্যতীত ব্যবসা করলে তার মিল ও ব্যবসা বাতিলকরণসহ তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করার ব্যবস্থা নেয়া হবে।

লাইসেন্স গ্রহণ ও নবায়ন পদ্ধতিঃ

১। অত্র দপ্তর হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে অথবা খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইট (www.dgfood.gov.bd) হতে অথবা অত্র কার্যালয়ের ফেসবুক পেজ (www.facebook.com/জেলা_খাদ্য_নিয়ন্ত্রকের_কার্যালয়, নারায়ণগঞ্জ) হতে ডাউন লোড করে প্রিন্ট করতঃ ফরম পূরণপূর্বক ফরমে বর্ণিত কাগজপত্র ও ০২(দুই) কপি ছবি আবেদন ফরমের সাথে অত্র দপ্তরে জমা দিতে হবে।

২। নির্ধারিত লাইসেন্স অথবা নবায়ন ফি ১। ৪ ৮ ৩ ১। ০ ০ ০ ১। ১ ৮ ৫ ৪ নং কোড এবং ভ্যাট ১। ১ ১ ৩ ৩। ০ ০ ১ ০। ০ ৩ ১ ১। নং কোডে চালান ফরমের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিঃ এ জমা দিয়ে চালান ফরমের মূল কপি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের দপ্তরে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ০৩(তিন) কপি চালান ফরম পূরণ করে অত্র দপ্তর হতে পাশ করে নিতে হবে।

নির্ধারিত লাইসেন্স ফি

ক্রমিক নং	ব্যবসায়ী ধরন	নতুন লাইসেন্স		লাইসেন্স নবায়ন		লাইসেন্স গ্রহণ ও নবায়নের দপ্তর
		ফি	+ভ্যাট(১৫%)	ফি	+ভ্যাট(১৫%)	
১।	আমদানীকারক	১০,০০০/-	১,৫০০/-	৫,০০০/-	৭৫০/-	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় নারায়ণগঞ্জ।
২।	পাইকারী (খাদ্য ব্যবসায়ী)	৫,০০০/-	৭৫০/-	২,৫০০/-	৩৭৫/-	
৩।	ময়দা মিল	৩,০০০/-	৪৫০/-	১,৫০০/-	২২৫/-	
৪।	ময়দা মিল তালিকাভুক্তি	৫,০০০/-	৭৫০/-	২,০০০/-	৩০০/-	
৫।	চালকল অটো/আতপ	৫,০০০/-	৭৫০/-	২,৫০০/-	৩৭৫/-	
৬।	চালকল মেজর	৪,০০০/-	৬০০/-	২,০০০/-	৩০০/-	
৭।	চালকল হাঙ্কিং	১,০০০/-	১৫০/-	৫০০/-	৭৫/-	
৮।	ওএমএস ডিলার	১,০০০/-	১৫০/-	৫০০/-	৭৫/-	
৯।	খাদ্যবান্ধব (ডিলার)	১,০০০/-	১৫০/-	৫০০/-	৭৫/-	
১০।	খুচরা (খাদ্য ব্যবসায়ী)	১,০০০/-	১৫০/-	৫০০/-	৭৫/-	

সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর
স্বাক্ষরিত/-
(আসমা উল হোসনা)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
নারায়ণগঞ্জ
dcf.nga@dgfood.gov.bd
ফোনঃ ৭৬৩৪৬৫২।

তারিখ-০১.০৬.২০২৩ খ্রি.।

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০৪.৩২.০০৬.১১.১০৩৩(২০)

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৩-৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৮-১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ। তার উপজেলাধীন সকল খাদ্যশস্য ব্যবসায়ীদের নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স গ্রহণ ও নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩-১৫। সভাপতি, জেলা খাদ্যশস্য/চালকল/ময়দাকল ব্যবসায়ী সমিতি, নারায়ণগঞ্জ। সকল খাদ্যশস্য ব্যবসায়ীদের নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স গ্রহণ ও নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৬-১৮। সভাপতি, উপজেলা খাদ্যশস্য/চালকল/ময়দাকল ব্যবসায়ী সমিতি, , নারায়ণগঞ্জ। সকল খাদ্যশস্য ব্যবসায়ীদের নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স গ্রহণ ও নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৯। মেসার্স। নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স গ্রহণ বা নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।
- ২০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।



০১-০৬-২০২৩
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
নারায়ণগঞ্জ।